দৈনিক
ইত্তেফাক

তারিখ 03 JAN 2016
পৃষ্ঠা ১৩ কলাম ৬

# রানীনগরে বই বিতরণে টাকা নেয়ার অভিযোগ

■ রানীনগর (নওগাঁ) সংবাদদাতা

নওগাঁর রানীনগরে দুটি শিক্ষা প্রতিষ্ঠানে বই বিতরণে অনিয়ম ও দুর্নীতির অভিযোগ পাওয়া গেছে। এতে শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে। রানীনগর উপজেলার বড়খোল উচ্চ বিদ্যালয় ও ত্রিমোহিনী উচ্চ বিদ্যালয়ে বই বিতরণের সময় শিক্ষার্থীদের নিকট থেকে টাকা নেয়ার অভিযোগ পাওয়া গেছে। এই দুটি শিক্ষা প্রতিষ্ঠানে ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণির শিক্ষার্থীদের নিকট থেকে ৩০ টাকা এবং ৯ম শ্রেণির শিক্ষার্থীদের নিকট থেকে ৪০ টাকা করে নেয়া হয়েছে বলে জানা যায়।

বড়খোল উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাকির হোসেন জানান, নওগাঁ থেকে বইগুলো স্কুলে আনার পরিবহন খরচ হিসেবে শিক্ষার্থীদের কাছ থেকে টাকা নেয়া হয়েছে। যেহেতু অভিযোগ উঠেছে কাজেই যে টাকা নেয়া হয়েছে তা ফেরত দেয়া হবে। ত্রিমোহিনী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক দয়ারাম সাহা বই বিতরণের জন্য টাকা নেয়ার অভিযোগ অস্বীকার করেন। যে টাকা নেয়া হয়েছে সেটা বই দেয়ার জন্য নয়। সেই টাকা সেশন ফি এবং অন্যান্য ফি বাবদ আদায় করা হয়েছে। নওগাঁ জেলা শিক্ষা অফিসার সিদ্দিকুল ইসলাম জানান, শিক্ষার্থীদের হাতে সম্পূর্ণ বিনামূল্যে বই সরবরাহ করছে সরকার। বই দিয়ে টাকা নেয়া একটি বড় অপরাধ। যদি ওই দুই প্রতিষ্ঠান শিক্ষার্থীদের নিকট থেকে টাকা নিয়ে থাকে তাহলে তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।